

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
দোয়ারাবাজার, সুনামগঞ্জ।

www.dowarabazar.sunamganj.gov.bd

নং- ০৫.৪৬.৯০৩৩.০০০.০৩.০২২.১৫- ৩৪৩

তারিখ : ১০ আগস্ট, ২০২০ খ্রিঃ।

নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) গ্রাম পুলিশ বাহিনীর গঠন, প্রশিক্ষণ, শৃঙ্খলা ও চাকুরীর শর্তাবলী সম্পর্কিত বিধিমালা, ২০১৫ এর বিধি-৭(১) এবং ৭(২) মোতাবেক এ উপজেলার বাংলাবাজার, নরসিংপুর, মান্নারগাঁও, পান্ডারগাঁও, দোহালিয়া, লক্ষীপুর ও বোগলাবাজার ইউনিয়নে মহল্লাদার শূন্য পদে লোক নিয়োগের জন্য আগ্রহ প্রার্থীদের কাছ থেকে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্রঃ নং	ইউনিয়নের নাম	পদের নাম	ওয়ার্ড নম্বর (যে ওয়ার্ডের জন্য নিয়োগ করা হবে)	পদ সংখ্যা	নিয়োগ পদ্ধতি	প্রয়োজনীয় যোগ্যতা	মন্তব্য
০১	বাংলাবাজার	মহল্লাদার	ওয়ার্ড নং-২	০১ টি	সরাসরি নিয়োগের মাধ্যমে	কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে অষ্টম শ্রেণী উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ	
০২	নরসিংপুর	ঐ	ওয়ার্ড নং-১,৩,৬	০৩ টি	ঐ	ঐ	
০৩	মান্নারগাঁও	ঐ	ওয়ার্ড নং-১	০১ টি	ঐ	ঐ	
০৪	পান্ডারগাঁও	ঐ	ওয়ার্ড নং- ৩,৪,৫,৭,৮	০৫ টি	ঐ	ঐ	
০৫	দোহালিয়া	ঐ	ওয়ার্ড নং- ৬,৭	০২ টি	ঐ	ঐ	
০৬	লক্ষীপুর	ঐ	ওয়ার্ড নং-৭	০১ টি	ঐ	ঐ	
০৭	বোগলাবাজার	ঐ	ওয়ার্ড নং-১,২	০২ টি	ঐ	ঐ	

শর্তাবলী :

০১। মহল্লাদার পদের জন্য সরকারি বিধি অনুযায়ী মাসিক বেতন প্রাপ্য হবেন। মাসিক বেতনের সমপরিমাণ বছরে দুটি উৎসব ভাতা। মাসিক বেতন ও উৎসব ভাতার ৫০% সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের আয় হতে এবং ৫০% সরকার কর্তৃক বরাদ্দপ্রাপ্তি সাপেক্ষে একত্রে (১০০%) প্রদান করা হবে।

০২। আবেদনপত্রে প্রার্থীর নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, বয়স/জন্ম তারিখ (জন্ম সনদ দাখিল করতে হবে), ভোটার আইডি নম্বর, ধর্ম, স্থায়ী ঠিকানা ও বর্তমান ঠিকানা (ওয়ার্ড নং সহ), প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা, শারীরিক যোগ্যতার মাপ উল্লেখপূর্বক উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার, সুনামগঞ্জ বরাবরে A4 সাইজ কাগজে আবেদন দাখিল করতে হবে।

০৩। ২৫/০৮/২০২০ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে এবং মুক্তিযোদ্ধা কোটার স্বপক্ষে প্রমাণসহ ১৮ থেকে ৩২ বছর হতে হবে।

০৪। আবেদনকারী সংশ্লিষ্ট ইউনিয়নের সম্ভব হলে সংশ্লিষ্ট ওয়ার্ডের স্থায়ী বাসিন্দা হতে হবে।

০৫। আবেদনপত্রের সাথে শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত কপি, ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক চারিত্রিক সনদ, ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক নাগরিকত্ব সনদ, ভোটার আইডি কার্ড/ জন্ম সনদের সত্যায়িত কপি, সম্প্রতি তোলা ০৩ কপি রঙিন সত্যায়িত ছবি দাখিল করতে হবে।

০৬। শারীরিক যোগ্যতা :

পুরুষ প্রার্থীর ক্ষেত্রে :-

(ক) সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট ২ ইঞ্চি।

(খ) সর্বনিম্ন বুকের মাপ ৩০ ইঞ্চি (স্বাভাবিক), ৩২ ইঞ্চি (সম্প্রসারণ)

(গ) সর্বনিম্ন ওজন ৫০ কেজি।

মহিলা প্রার্থীর ক্ষেত্রে:

(ক) সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট।

(খ) সর্বনিম্ন বুকের মাপ ২৮ ইঞ্চি (স্বাভাবিক), ৩০ ইঞ্চি (সম্প্রসারণ)

(গ) সর্বনিম্ন ওজন ৪৫ কেজি।

০৭। মৃত/ অবসরপ্রাপ্ত গ্রাম পুলিশ এর পুত্র, কন্যা বা প্রত্যক্ষ পোষ্যদের নিয়োগের ক্ষেত্রে অগ্রাধিকার দেয়া হবে।

০৮। ত্রুটিপূর্ণ/ অসম্পূর্ণ/ বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

০৯। বেতন ভাতাদিসহ অন্যান্য সুবিধাদি সরকার কর্তৃক নির্ধারিত হারে প্রাপ্য হইবেন।

১০। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১১। আবেদনপত্র আগামী ২৫/০৮/২০২০ খ্রিঃ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে আবেদনপত্র উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার, সুনামগঞ্জ এর কার্যালয়ে সরাসরি জমা দিতে হবে। আবেদনপত্রের খামের উপর 'মহল্লাদার পদের জন্য আবেদন' উল্লেখ করতে হবে।

১২। উক্ত নিয়োগ বিজ্ঞপ্তিটি কম্পিউটারে টাইপকৃত। কোন প্রকার ত্রুটি পরিলক্ষিত হলে তা সংশোধনযোগ্য।



(সোনিয়া সুলতানা)

উপজেলা নির্বাহী অফিসার

দোয়ারাবাজার, সুনামগঞ্জ

ও

সভাপতি

গ্রাম পুলিশ (মহল্লাদার) নিয়োগ বাছাই কমিটি

দোয়ারাবাজার, সুনামগঞ্জ।

ই-মেইল- unodoarabazar@gmail.com

টেলিফোন- ০৮৭২৬-৫৬০০৩

নং- ০৫.৪৬.৯০৩৩.০০০.০৩.০২২.১৫- ৩৪৩

তারিখ : ১০ আগস্ট, ২০২০ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতির জন্য :

১। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।

২। উপ পরিচালক, স্থানীয় সরকার, সুনামগঞ্জ।

৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দোয়ারাবাজার, সুনামগঞ্জ।

অনুলিপি কার্যার্থে :

৪। উপজেলা কৃষি অফিসার ও আহবায়ক, গ্রাম পুলিশ (মহল্লাদার) বাছাই কমিটি, দোয়ারাবাজার, সুনামগঞ্জ।

৫। অফিসার ইন চার্জ ও সদস্য, গ্রাম পুলিশ (মহল্লাদার) বাছাই কমিটি, দোয়ারাবাজার, সুনামগঞ্জ।

৬। উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা ও সদস্য, গ্রাম পুলিশ (মহল্লাদার) বাছাই কমিটি, দোয়ারাবাজার, সুনামগঞ্জ।

৭। উপজেলা সমাজসেবা কর্মকর্তা ও সদস্য, গ্রাম পুলিশ (মহল্লাদার) বাছাই কমিটি, দোয়ারাবাজার, সুনামগঞ্জ।

৮। চেয়ারম্যান, বাংলাবাজার /নরসিংপুর /মাম্মারগাঁও /পান্ডারগাঁও /দোহালিয়া /লক্ষীপুর /বোগলাবাজার / ইউনিয়ন পরিষদ, দোয়ারাবাজার, সুনামগঞ্জ। (নিয়োগ বিজ্ঞপ্তি তার ইউনিয়ন পরিষদের নোটিশ বোর্ড, ওয়ার্ডের গুরুত্বপূর্ণ স্থান, ইউনিয়ন তথ্য বাতায়ন এবং হাট বাজারসমূহে বহল প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)

৯। সচিব, বাংলাবাজার /নরসিংপুর /মাম্মারগাঁও /পান্ডারগাঁও /দোহালিয়া /লক্ষীপুর /বোগলাবাজার / ইউনিয়ন পরিষদ, দোয়ারাবাজার, সুনামগঞ্জ। (বিজ্ঞপ্তি প্রচারে সার্বিক সহযোগিতার নিমিত্ত এবং গ্রাম পুলিশ (মহল্লাদার) বাছাই কমিটির সদস্য সচিব হিসাবে দায়িত্ব পালনের নিমিত্ত।)

১০। উপজেলা টেকনিশিয়ান, দোয়ারাবাজার, সুনামগঞ্জ। (বিজ্ঞপ্তি উপজেলার ওয়েব পোর্টাল ও ফেইসবুকে আপলোডের জন্য)

১১। নোটিশ বোর্ড/ অফিস কপি।



উপজেলা নির্বাহী অফিসার

দোয়ারাবাজার, সুনামগঞ্জ